

Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 19 April, 2025

সরকারের অপারেশন ডেভিল হ্যান্টের ব্যর্থতা এবং আওয়ামী লীগের মিছিলের বিপরীতে পুলিশের নিষ্ক্রিয়তার প্রতিবাদে প্রতীকী লাঠি মিছিল করেছে ছাত্র-জনতা।

শনিবার (১৯ এপ্রিল) বেলা সাড়ে ১১টার দিকে রাজধানীর উত্তরা পূর্ব থানার সামনে এই কর্মসূচি পালন করা হয়।

ঘটনাস্থলে দেখা যায়, বেলা ১১টার পর থেকেই থানার সামনের ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পাশে প্রতীকী লাঠি নিয়ে লোকজন জড়ো হতে থাকেন। এই কর্মসূচিতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী, স্থানীয় বাসিন্দা এবং নাগরিক সমাজের প্রতিনিধিরা অংশ নেন। মিছিলটি উত্তরা পূর্ব থানার সামনে থেকে শুরু হয়ে রাজলক্ষী ঘুরে ফের থানার সামনে এসে শেষ হয়। অংশগ্রহণকারীরা তাদের হাতে প্রতীকী লাঠি বহন করেন এবং বিভিন্ন স্লোগান দেন।

এসময় তাদের, ‘আমার ভাই কবরে, খুনি কেন বাহিরে’, ‘আমার ভাইয়ের রক্ত, বৃথা যেতে দেব না’, ‘আবু সাঈদ মুক্ত, শেষ হয়নি যুদ্ধ’, ‘ডেভিল হান্ট ব্যর্থ কেন, প্রশাসন জবাব চাই’, ‘ফাঁসি ফাঁসি ফাঁসি চাই, খুনিদের ফাঁসি চাই’ ইত্যাদি বিভিন্ন স্লোগান দিতে দেখা যায়।

এসময় উপস্থিত আন্দোলনকারীদের, অপারেশন ডেভিল হ্যান্টের ব্যর্থতার সুষ্ঠু তদন্ত এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি, আওয়ামী লীগের মিছিলে পুলিশের নিষ্ক্রিয়তার কারণ ব্যাখ্যা এবং দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং উত্তরা এলাকায় জনগণের নিরাপত্তা নিশ্চিত করা এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতির দাবি জানান।

মিছিলে অংশগ্রহণকারী ছোয়াদ হাসান নামে এক ছাত্র বলেন, আমরা শান্তিপূর্ণভাবে আমাদের প্রতিবাদ জানাচ্ছি। আমরা চাই, প্রশাসন আমাদের দাবিগুলো গুরুত্বের সঙ্গে বিবেচনা করুক এবং দ্রুত পদক্ষেপ গ্রহণ করুক। পুলিশকে আরও সক্রিয় হতে হবে এবং জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

নাহিদ শিকদার নামের আরেক শিক্ষার্থী বলেন, অপারেশন ডেভিল হান্ট যদি ব্যর্থ হয়ে থাকে, তাহলে এর পেছনের কারণগুলো জনসম্মুখে আনা উচিত। শুধু একটি প্রতীকী মিছিল নয়, এই ঘটনার সুষ্ঠু তদন্তের জন্য বৃহত্তর আন্দোলন গড়ে তোলা হবে।

পুলিশের এই নীরবতা হতাশাজনক। যারা আমাদের ভাইদের জীবন কেড়ে নিয়েছে, তারা যেন কোনোভাবেই ছাড় না পায়। আমরা তাদের ফাঁসি চাই।

অপারেশন ডেভিল হান্ট পুলিশ বিক্ষোভ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:52

URL: <https://timestodaybd.com/bangladesh/1040775807>